



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১২

তারিখঃ ২৯ চৈত্র, ১৪২৬  
১২ এপ্রিল, ২০২০

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে প্রেরিতব্য বিবরণীসমূহ (Regulatory Reporting) দাখিল প্রসঙ্গে।**

করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটি চলাকালীন সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক তফসিলি ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক এ সময়ে তফসিলি ব্যাংকসমূহ সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে।

বিদ্যমান প্রেক্ষাপটে এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক প্রেরিতব্য সকল বিবরণী (লিকুইডিটি সংক্রান্ত ডিবি-৪, ডিবি-৫ এবং সিআরআর সংরক্ষণ সংক্রান্ত বিবরণী ব্যতীত) সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটি শেষ হওয়ার পর স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম শুরু হওয়ার পরবর্তী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে দাখিল করা যাবে।

উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনিদের বিশ্বস্ত,

(মোঃ মোতীছিম বিল্লাহ)

উপমহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৭২৫